## ২০১০ - ২০১১ মেয়াদকালের কার্যনির্বাহী কমিটি'র ১৭শ সভার কার্যবিবরণী

স্থান : বিসিএস কার্যালয়

তারিখ : রবিবার, ২০ জুলাই ২০১০

সময় : বিকাল ৫:০০মি.

সভাপতি : জনাব মোস্তাফা জব্বার, সভাপতি, বাংলাদেশ কম্পিউটার সমিতি

উপস্থিতি:

| | | |
|---|---|---|
| জনাব কাজী আশরাফুল আলম | - | সহ-সভাপতি |
| জনাব মজিবুর রহমান স্বপন | - | মহাসচিব |
| জনাব নাজমুল আলম ভূঁইয়া (জুয়েল) | - | যুগ্ম-মহাসচিব |
| জনাব মোঃ আক্তারুজ্জামান | - | কোষাধ্যক্ষ |
| জনাব ইউসুফ আলী শামীম | - | পরিচালক |
| জনাব মোঃ শাহিদ-উল-মুনীর | - | পরিচালক |

সভার আলোচ্যসূচি নিম্নরূপ:

১. বিগত ১১ জুলাই ২০১০ তারিখে অনুষ্ঠিত কার্যনির্বাহী কমিটি'র সভার কার্যবিবরণী অনুমোদন
২. বিগত কার্যনির্বাহী কমিটি'র সভাসমূহে গৃহীত সিদ্ধান্তাবলির অগ্রগতি পর্যালোচনা এবং পরিচালকদের কর্মকাণ্ড সম্পর্কে অবহিতকরণ
৩. বিসিএস আইসিটি ওয়ার্ল্ড ২০১০
৪. 'বিসিএস কম্পিউটার মল' স্থাপন প্রসঙ্গে
৫. বিসিএস সচিবালয় শক্তিশালীকরণ প্রসঙ্গে
৬. বিবিধ

উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভাপতি সভার কাজ শুরু করেন এবং এতে পর্যায়ক্রমে নিম্নলিখিত আলোচনা ও সিদ্ধান্তাবলি গৃহীত হয়:

আলোচ্যসূচি-১ : বিগত ১১ জুলাই ২০১০ তারিখে অনুষ্ঠিত কার্যনির্বাহী কমিটি'র সভার কার্যবিবরণী অনুমোদন

আলোচনা : সভাপতি ১১ জুলাই ২০১০ তারিখে অনুষ্ঠিত কার্যনির্বাহী কমিটি'র সভার কার্যবিবরণী আজকের সভায় উপস্থাপন করেন। এ ব্যাপারে সভাপতি পরিচালকদের মতামত জানতে চাইলে এটি সঠিকভাবে লিপিবদ্ধ হয়েছে বলে সবাই মত পেশ করেন। এতে সভাপতি উক্ত কার্যবিবরণী অনুমোদিত বলে সভায় ঘোষণা প্রদান করেন।

সিদ্ধান্ত : বিগত ১১ জুলাই ২০১০ তারিখে অনুষ্ঠিত কার্যনির্বাহী কমিটি'র সভার কার্যবিবরণী অনুমোদিত বলে সিদ্ধান্ত গৃহীত হয়।

আলোচ্যসূচি-২ : বিগত কার্যনির্বাহী কমিটি'র সভাসমূহে গৃহীত সিদ্ধান্তাবলির অগ্রগতি পর্যালোচনা এবং পরিচালকদের কর্মকাণ্ড সম্পর্কে অবহিতকরণ

আলোচনা : সভাপতি বিগত নির্বাহী পরিষদের সভা থেকে বর্তমান নির্বাহী পরিষদের সভা চলার মধ্যবর্তী সময়ে তিনি সমিতি সংক্রান্ত যেসব কাজে যুক্ত ছিলেন তার নিম্নরূপ সংক্ষিপ্ত বিবরণী পেশ করেন:

১২ জুলাই ২০১০ সভাপতি বাংলাদেশ কম্পিউটার কাউন্সিলে অনুষ্ঠিত কম্পিউটারে বাংলা ভাষার মান প্রমিতকরণ কমিটির সভায় যোগ দেন। ১৪ জুলাই ২০১০ সভাপতি আইসিসিবিতে ইইএফ কমিটির সভায় যোগ দেন। ২০ জুলাই সভাপতি আইসিটি ইন এডুকেশণ-সাব কমিটির সভায় যোগ দেন। এচঅড়াও এই সময়ে তিনি ইস্টার্ন প্লাস-এ বিসিএস কম্পিউটার কম্পিউটার মল প্রতিষ্ঠার বিভিন্ন কর্মকাণ্ডে যুক্ত থাকেন।

আলোচ্যসূচি-৩ : বিসিএস আইসিটি ওয়ার্ল্ড ২০১০

আলোচনা : বিসিএস আইসিটি ওয়ার্ল্ড ২০১০-এর আহ্বায়ক জনাব মজিবুর রহমান স্বপন সভায় অবহিত করেন, গতকার (১৯ জুলাই ২০১০) তিনি বঙ্গবন্ধু আন্তর্জাতিক সম্মেলন কেন্দ্র (বিআইসিসি) প্রাঙ্গন সরেজমিনে ঘুরে দেখে এসেছেন। সেমতে, উক্ত হোটেলের প্রদর্শনীর জন্য প্রয়োজনীয় স্থানগুলো আগামী ৩০ অক্টোবর থেকে ০২ নভেম্বর ২০১০ পর্যন্ত মোট ০৪ দিনের জন্য প্রাথমিকভাবে বুকিং দিয়ে আসা হয়েছে। বিআইসিসি কর্তৃপক্ষ প্রদর্শনীর ভাড়া বাবদ একটি প্রাথমিক প্রস্তাব পেশ করেছেন। তবে তিনি অভিমত ব্যক্ত করেন, বিআইসিসি -এর উর্ধ্বতন কর্তৃপক্ষের সাথে ভেন্যু ভাড়া সংক্রান্ত বিষয়ে সভাপতি পর্যায়ে আলাপ-আলোচনা করার প্রয়োজন রয়েছে এবং আলোচনা চূড়ান্তকরণ সাপেক্ষে বুকিং মানি দেওয়া যেতে পারে । এ ব্যাপারে পরিচালকগণ একমত পোষণ করেন।

সভাপতি বিসিএস আইসিটি ওয়ার্ল্ড ২০১০ -এর আয়োজক কমিটি গঠনের ব্যাপারে পরিচালকদের মতামত জানতে চান। এতে তারা উক্ত প্রদর্শনীর জন্য পূর্ণাঙ্গ মূল আয়োজক কমিটি এবং বিভিন্ন উপ-কমিটি'র চেয়ারম্যান মনোনয়নে একমত পোষণ করেন। চেয়ারম্যানবৃন্দ অনতিবিলম্বে তাদের স্ব স্ব উপ-কমিটি পূর্ণাঙ্গভাবে গঠন করে বিসিএস সচিবালয়ে জানিয়ে দেবার ব্যাপারে সম্মত হন।

সিদ্ধান্ত :

- বিসিএস আইসিটি ওয়ার্ল্ড ২০১০ আয়োজনস্থল বিআইসিসি উর্ধ্বতন কর্তৃপক্ষের সাথে ভেন্যু ভাড়া সংক্রান্ত বিষয়ে সভাপতি পর্যায়ে আলাপ-আলোচনা করে বুকিং মানি জমা দেওয়ার সিদ্ধান্ত গৃহীত হয়।
- বিসিএস আইসিটি ওয়ার্ল্ড ২০১০-এর জন্য নিম্নরূপ পূর্ণাঙ্গ মূল আয়োজক কমিটি এবং বিভিন্ন উপ-কমিটি'র চেয়ারম্যান মনোনয়নের সিদ্ধান্ত গৃহীত হয়। চেয়ারম্যানবৃন্দ অনতিবিলম্বে তাদের স্ব স্ব উপ-কমিটি পূর্ণাঙ্গভাবে গঠন করে বিসিএস সচিবালয়ে জানিয়ে দেবার ব্যাপারে সম্মত হন।

**মূল আয়োজক কমিটি**
জনাব মোস্তাফা জব্বার, সভাপতি, বিসিএস
জনাব কাজী আশরাফুল আলম, সহ-সভাপতি, বিসিএস
জনাব মজিবুর রহমান স্বপন, মহাসচিব, বিসিএস
জনাব নাজমুল আলম ভূঁইয়া (জুয়েল), যুগ্ম-মহাসচিব, বিসিএস
জনাব মোঃ আক্তারুজ্জামান, কোষাধ্যক্ষ, বিসিএস
জনাব ইউসুফ আলী শামীম, পরিচালক বিসিএস
জনাব মোঃ শাহিদ-উল-মুনীর, পরিচালক, বিসিএস

**আহ্বায়ক**
জনাব মজিবুর রহমান স্বপন, মহাসচিব, বিসিএস

**অভ্যর্থনা উপ-কমিটি**
জনাব মোস্তাফা জব্বার, চেয়ারম্যান

**নিরাপত্তা উপ-কমিটি**
জনাব কাজী আশরাফুল আলম, চেয়ারম্যান

**মিডিয়া উপ-কমিটি**
জনাব মোস্তাফা জব্বার, চেয়ারম্যান

**লজিস্টিক উপ-কমিটি**
জনাব নাজমুল আলম (জুয়েল), চেয়ারম্যান

**অর্থ উপ-কমিটি**
জনাব মোঃ আক্তারুজ্জামান, চেয়ারম্যান

**ইভেন্ট ম্যানেজমেন্ট উপ-কমিটি**
জনাব ইউসুফ আলী শামীম, চেয়ারম্যান

**সেমিনার উপ-কমিটি**
জনাব মোঃ শাহিদ-উল-মুনীর, চেয়ারম্যান

আলোচ্যসূচি-৪ : 'বিসিএস কম্পিউটার মল' স্থাপন প্রসঙ্গে

আলোচনা : 'বিসিএস কম্পিউটার মল' স্থাপন প্রসঙ্গে সভাপতি সভায় অবহিত করেন, জনাব কাজী আশরাফুল আলম, জনাব মজিবুর রহমান স্বপন এবং জনাব ইউসুফ আলী শামীম-সহ তিনি আজ ইস্টার্ন প্লাস শপিং সেন্টার এর দোকান মালিক সমিতি ও ইস্টার্ন হাউজিং কর্তৃপক্ষের সাথে এ ব্যাপারে আলোচনা করেছেন। মহাসচিব জনাব মজিবুর রহমান স্বপন বলেন, ইস্টার্ন প্লাস শপিং সেন্টার এর দোকান মালিক সমিতির সাথে কিছু বিষয়ে আরও আলোচনার প্রয়োজন রয়েছে। তাই ইস্টার্ন প্লাস শপিং সেন্টার এর দোকান মালিক সমিতির কার্যনির্বাহী

কমিটিকে বিসিএস-এ আমন্ত্রণ জানানোর প্রস্তাব করেন। এতে সবাই সম্মতি প্রদান করেন।

সিদ্ধান্ত : 'বিসিএস কম্পিউটার মল' স্থাপন প্রসঙ্গে বিস্তারিত আলোচনার জন্য ইস্টার্ন প্লাস শপিং সেন্টার এর দোকান মালিক সমিতির কার্যনির্বাহী কমিটিকে বিসিএস-এ আমন্ত্রণ জানানোর সিদ্ধান্ত গৃহীত হয়।

আলোচ্যসূচি-৫ : বিসিএস সচিবালয় শক্তিশালীকরণ প্রসঙ্গে

আলোচনা :

- মহাসচিব জনাব মজিবুর রহমান স্বপন বলেন, আমাদের কতিপয় সদস্য বিসিএস-এর স্টাফদেরকে তাদের প্রতিষ্ঠানে চাকুরী প্রদান করেছেন, করছেন কিংবা চাকুরী প্রদানের আশ্বাস দিচ্ছেন। এমতাবস্থায়, সচিবালয় তার দীর্ঘদিনের কর্মীদেরকে হারাতে বসেছে। এ অবস্থা বন্ধ করা আশু প্রয়োজন। উদ্ভুত সমস্যার নিরসনকল্পে পরিচালকগণ এই মর্মে সিদ্ধান্তে উপনীত হন যে, কম্পিউটার সমিতির কোন স্টাফকে সমিতির লিখিত অনুমতি ছাড়া কোন সদস্য প্রতিষ্ঠানে চাকুরীতে নিয়োগ দিতে পারবেন না। এই নিয়মের অন্যথা হলে বিসিএস-এর সংঘবিধি অনুসারে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করার প্রস্তাব করা হয়।
- বিগত ১৪ জুলাই ২০১০ প্রেরিত বিসিএস এর প্রাক্তন চীফ অপারেটিং অফিসার জনাব বিরেন্দ্র নাথ অধিকারী স্বাক্ষরিত চিঠি সভায় উপস্থাপন করে সভাপতি এ ব্যাপারে পরিচালকদের মতামত জানতে চান। পরিচালকগণ একমত পোষণ করেন যে, সমিতির নীতিমালা অনুসারেই জনাব বিরেন্দ্র নাথ অধিকারীর দেনা-পাওনার বিষয়টি নিস্পন্ন হয়েছে। তাই সমিতিতে বর্তমানে তার কোন পাওনা নেই।

সিদ্ধান্ত :

- কম্পিউটার সমিতির কোন স্টাফকে সমিতির লিখিত অনুমতি ছাড়া কোন সদস্য প্রতিষ্ঠানে চাকুরীতে নিয়োগ দিতে পারবেন না। এই নিয়মের অন্যথা হলে বিসিএস-এর সংঘবিধি অনুসারে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হবে।
- সমিতির নীতিমালা অনুসারেই জনাব বিরেন্দ্র নাথ অধিকারীর দেনা-পাওনার বিষয়টি নিস্পন্ন হয়েছে। তাই সমিতিতে বর্তমানে তার কোন পাওনা নেই।

আলোচ্যসূচি-৬ : বিবিধ

আলোচনা :

- মহাসচিব জনাব মজিবুর রহমান স্বপন বলেন, রমজান মাস আসন্ন। বিসিএস এর সকল সদস্যদের সম্মানে ইফতার আয়োজনের ব্যপারে ভেনু ও তারিখ সম্পর্কে তিনি সভাপতির মাধ্যমে পরিচালকদের কাছে আলোচনা করার জন্য অনুরোধ করেন। ইফতার আয়োজনের ব্যপারে সম্ভাব্য তারিখ ১৯ আগষ্ট ২০১০ বিবেচনায় রেখে পর্যাপ্ত পার্কিং সুবিধা আছে এমন ভেন্যুগুলোর খাবারের মান ও মূল্য সম্পর্কে খোঁজ-খবর নেওয়ার জন্য মহাসচিবকে দ্বায়িত্ব দেওয়ার পক্ষে পরিচালকগণ মত পেশ করেন।
- সভাপতি বিগত ১৭ জুলাই ২০১০ তারিখে এফবিসিসিআই থেকে প্রেরিত চিঠি সভায় উপস্থাপন করেন। তিনি অবহিত করেন, আগামী ৩১ জুলাই ২০১০ তারিখের মধ্যে বিসিএস এর পক্ষ থেকে এফবিসিসিআই এর স্ট্যান্ডিং কমিটিসমুহে মনোনয়ন

পাঠাতে হবে। পরিচালকগণ এ ব্যাপারে এফবিসিসিআই-এ বিসিএস এর প্রতিনিধিদের প্রয়োজনীয় তথ্যাদি পূরণ সাপেক্ষে স্ট্যান্ডিং কমিটিসমুহের জন্য মনোনয়নপত্র যথাসময়ে প্রেরণের জন্য বিসিএস সচিবালয়কে নির্দেশ প্রদান করেন।

সিদ্ধান্ত :

- ইফতার আয়োজনের ব্যাপারে সম্ভাব্য তারিখ ১৯ আগষ্ট ২০১০ বিবেচনায় রেখে পর্যাপ্ত পার্কিং সুবিধা আছে এমন ভেন্যুগুলোর খাবারের মান ও মূল্য সম্পর্কে খোঁজ-খবর নেওয়ার জন্য মহাসচিব দ্বায়িত্ব নিতে সম্মত হন।
- এফবিসিসিআই-এ বিসিএস এর প্রতিনিধিদের প্রয়োজনীয় তথ্যাদি পূরণ সাপেক্ষে স্ট্যান্ডিং কমিটিসমুহের জন্য মনোনয়নপত্র ৩১ জুলাই ২০১০ তারিখের মধ্যে প্রেরণের জন্য বিসিএস সচিবালয়কে নির্দেশ প্রদান করা হয়।

আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার কাজ সমাপ্তি ঘোষণা করেন।

মোস্তাফা জব্বার
সভাপতি